■ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধের প্রতিবাদে বিক্ষোভ জমায়েত সেন্ট পিটার্সবার্গে। বিক্ষোভকারীদের স্লোগান ‘যুদ্ধ নয়, পুতিন হিটলার, ওঁকে গ্রেফতার করো’। বৃহস্পতিবার গভীর রাতে ছবি : ইন্টারনেট থেকে সংগৃহীত

পুতিনকে ‘হিটলার’ আখ্যা দিয়ে তুমুল বিক্ষোভ রাশিয়াজুড়ে

৫৩টি রুশ শহরে গ্রেফতার ১৭০০’র বেশি, জানাল মানবাধিকার সংগঠনগুলি

মস্কো : মুখে মাস্ক। সেখানে লেখা ‘নো টু ওয়ার’। বিক্ষোভ শুরু হয়েছে রাশিয়ায়। যুদ্ধের বিরুদ্ধে পথে নেমেছেন রাশিয়ার মানুষ। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার পর এর বিরুদ্ধে রাশিয়ার বিভিন্ন শহরে বিক্ষোভ দেখাতে শুরু করেন রুশ নাগরিকরা। যাঁরা যুদ্ধে যায়, তাঁরা যুদ্ধ চায় না। একথা রাশিয়ার ক্ষেত্রেও সত্যি। প্রেসিডেন্ট তো যুদ্ধ ঘোষণা করেই খালাস, যুদ্ধের ভয়াবহ প্রভাবের মোকাবিলা তো করতে হচ্ছে সাধারণ নাগরিকদের। আর রাশিয়ার সাধারণ নাগরিকদের একটা বড়ো অংশই ইউক্রেনের সঙ্গে এই যুদ্ধ চাইছেন না। দোর্দণ্ডপ্রতাপ শাসকের বিরুদ্ধে শান্তিকামীরা গর্জে উঠে বলছেন, ‘যুদ্ধ নয়, শান্তি চাই। পুতিন হিটলারের মতোই ভয়ঙ্কর। ওকেই গ্রেফতার করা উচিত।’ তাঁদের কথায়, ভ্লাদিমির পুতিন যে কতটা ভয়ঙ্কর হতে পারেন, সেটা গোটা বিশ্ব জানে। রাশিয়ার সাধারণ মানুষও জানেন। তবু, শান্তির স্বার্থে শাসকের সেই রক্তচক্ষু উপেক্ষা করেই প্রতিবাদে শামিল হাজার হাজার মানুষ। বৃহস্পতিবার সকালে একটি আবেদনপত্রে স্বাক্ষর করে কয়েক ডজন সাংবাদিক ইউক্রেনে রাশিয়ার অভিযানের তীব্র নিন্দা করেন। অন্যদিকে মস্কো, সেন্ট পিটার্সবার্গ, সামারা, রিয়াজান ও অন্যান্য শহরের পুর-ডেপুটিরা নাগরিকদের প্রতি একটি খোলা চিঠিতে সই করেন। ওই খোলা চিঠিতে তাঁদের আবেদন, যুদ্ধে অংশ নেবেন না অথবা নীরব থাকুন। তাঁরা বলেন, ‘আমরা জনগণের দ্বারা নির্বাচিত ডেপুটিরা রুশ সেনার ইউক্রেন আক্রমণের খোলাখুলি নিন্দা করছি।’ এমন মারাত্মক নৃশংসতার কোনো যুক্তি নেই বলেও ওই চিঠিতে উল্লেখ করেন তাঁরা।

সন্ধ্যায় মস্কোর রাস্তা মুখরিত হয় ‘যুদ্ধ নয়, শান্তি চাই’ স্লোগানে। এরমধ্যেই সোশাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে এমন অনেক বিক্ষোভের ভিডিও। শুধু মস্কো নয়, রাশিয়ার অন্যান্য প্রান্তেও একইভাবে পুতিনের বিরুদ্ধে বিক্ষোভে নেমেছেন শান্তিকামীরা। সেন্ট পিটার্সবার্গেও একইভাবে বৃহস্পতিবার জড়ো হয়েছিলেন বহু শান্তিকামী মানুষ। যুদ্ধের বিরুদ্ধে স্লোগানে মুখর হন তাঁরাও। বিক্ষোভকারীদের বলতে শোনা যায়, এই যুদ্ধ চাই না। ইউক্রেন আমাদের শত্রু নয়। সংবাদ সংস্থাকে এক শান্তিকামী মহিলা বলেন, ‘আমার বলার কিছু নেই। এটা জঘন্য। কী হচ্ছে সেখানে? আমাদের অক্ষম মনে হচ্ছে, কষ্ট হচ্ছে।’ কিন্তু এইসব বিক্ষোভকারীকে দমন করতে আয়রন হ্যান্ড নীতি নিয়েছে পুতিন সরকারও। সংবাদ সংস্থা এপি সূত্রে খবর, সব মিলিয়ে বৃহস্পতিবার প্রায় ২ হাজার যুদ্ধবিরোধীকে গ্রেফতার করেছে স্থানীয় পুলিশ প্রশাসন। একই দাবি করেছে মানবতাবাদী সংগঠনও। এত গ্রেফতারেও দমে যাননি বিক্ষোভকারীরা। সোশাল মিডিয়ায় ভাইরাল একটি ভিডিওতে পুলিশের সামনে দাঁড়িয়ে বিক্ষোভকারীদের বলতে শোনা গেছে, ‘আমাদের নয়, পুতিনকে গ্রেফতার করুন। ও ভিলেন।’ প্রসঙ্গত, ১৯৭৯ সালে আফগান-ই-স্তানে সেনা অভিযানের পর এটাই রাশিয়ার সবচেয়ে বড়ো সামরিক অভিযান। যুদ্ধের প্রথম দিনেই বিস্তর সাফল্য দাবি করেছে পুতিন প্রশাসন। উত্তর-পূর্ব ইউক্রেনে এরমধ্যেই নাকি ঢুকে পড়েছে রুশ সেনা। কিন্তু রুশ নাগরিকদের কাছে এসব সাফল্যের কোনো মূল্য নেই। কারণ, যুদ্ধ চান না তাঁরা, শান্তি চান। দরকারে সরকারের বিরুদ্ধে বিক্ষোভ দেখিয়ে জেলে যেতেও রাজি। তাই ট্যুইটারে এই যুদ্ধের বিরোধিতা করে পোস্ট করছেন হাজার হাজার শান্তিকামী রুশ নাগরিক। এখনো পর্যন্ত রাশিয়ার ৫৩টি শহরে ১৭০২ জন রুশ নাগরিককে গ্রেফতার করেছে পুলিশ। —এপি/পিটিআই

রুশ বাহিনী কিয়েভে

➡১ পাতার পর

আর ছেলে কিরিলও আমার সঙ্গে আছে। আমার পরিবার বিশ্বাসঘাতক নয়। আমরা ইউক্রেনের নাগরিক। শত্রুরা আমাকে এক নম্বর টার্গেট করেছে। আমার পরিবার হল ওদের দ্বিতীয় টার্গেট। ওরা আমাকে মানে প্রশাসনিক প্রধানকে শেষ করে ইউক্রেনকে রাজনৈতিকভাবে শেষ করতে চায়।’ জাতির উদ্দেশে ভাষণে পশ্চিমী দুনিয়াকেও নিশানা করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট। তাঁর কথায়, ‘আমাদের দেশকে রক্ষা করতে গিয়ে আমরা একা পড়ে গেছি। লড়াই করতে আমাদের পাশে কে আছে? আমি জানি না। কে ইউক্রেনকে ন্যাটোর সদস্যপদ দেবে? সবাই ভয় পাচ্ছে। আমাদের কাছে খবর আছে, শত্রুপক্ষের স্যাবোটাজ গ্রুপ কিভে ঢুকে পড়েছে। সেজন্যই আমি কিয়েভের বাসিন্দাদের সতর্ক থাকতে বলছি। কার্ফুর নিয়ম পালন করতে অনুরোধ করছি।’ মস্কোর টেলিগ্রাম চ্যানেল সূত্রে খবর, ইউক্রেনের একটি জঙ্গলের ভেতরে ঢুকে আত্মগোপন করে রয়েছে চেচেন স্পেশাল ফোর্সের সেনারা। তাদের কাছে নির্দিষ্ট ইউক্রেনের আধিকারিকদের ছবি আর বিশদ বিবরণও রয়েছে। রাশিয়ার ইনভেস্টিগেটিভ কমিটি ইউক্রেনের বিশেষ বিশেষ কয়েক জন নিরাপত্তা আধিকারিকদের ‘অপরাধী’ বলে চিহ্নিত করেছে। ইউক্রেনের আধিকারিকদের আটক না করা গেলে স্পষ্টই ‘হত্যা করার নির্দেশ’ দেওয়া হয়েছে। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ঘনিষ্ঠ মহলে দাবি করেছেন ইউক্রেনে নাৎসিদের প্রভাব বাড়ছিল। তাই তাদের নিশ্চিহ্ন করাই ইউক্রেন আক্রমণের মূল লক্ষ্য। ব্রিটেন দাবি করেছে, গত ২ দিনে রাশিয়ার ৪৫০ জন সেনার মৃত্যু হয়েছে। দক্ষিণ রাশিয়ার রসটভে একটি বায়ুসেনার ঘাঁটিতে ইউক্রেন হামলা চালিয়েছে। হামলার কথা প্রসঙ্গে নীরব রাশিয়া। ইউক্রেনের প্রতিরক্ষামন্ত্রক দাবি করেছে কিয়েভের উত্তর প্রান্তের শহর ওবোলনেও হামলা চালিয়েছে রুশ সেনা। দক্ষিণপূর্ব ইউক্রেনের মেলিটোপল শহর পুনর্দখল করেছে ইউক্রেন সেনা। রুশ বিদেশমন্ত্রী সের্গেই লাভরভ জানান, ইউক্রেন সেনা যুদ্ধ বন্ধ করলেই আমরা আলোচনার জন্য প্রস্তুত। কিয়েভের মেয়র জানিয়েছেন, শুক্রবার ভোরে কিয়েভের একটি বহুতলে রকেট হামলা চালায় রুশ সেনা। কমপক্ষে ৩ জন জখম হয়েছেন। ইউক্রেন দাবি করেছে, রুশ সেনারা ইউক্রেনের পোশাক পরে ইউক্রেনের ট্রাক দখল করছে। রাশিয়ার ২টি ক্রুজ ক্ষেপণাস্ত্র আর কিয়েভের আকাশে ওড়া একটি বিমানকে গুলি করে নামানোর দাবি করেছে ইউক্রেন। গস্তোমেল আন্তোনভ বিমানবন্দরের কাছে সংঘর্ষ হয়েছে। ইউক্রেনের খেরসন আর কাখভকা শহরে রাশিয়ার পতাকা দেখা গেছে। ইউক্রেনের প্রতিরক্ষামন্ত্রক দাবি করেছে, রাশিয়ার ৮০০ সেনা মারা গেছে। রাশিয়ার ৭টি যুদ্ধবিমান, ৩০টি ট্যাঙ্ক আর ৬টি হেলিকপ্টার ধ্বংস করে দেওয়া হয়েছে। রুশ সেনা শুক্রবার কিয়েভের ঢুকতেই শহরের রাস্তায় হাইওয়েতে প্রতিরোধ করতে দেখা গেছে ইউক্রেন সেনাকে। গত ২৪ ঘণ্টায় কিয়েভের ৩৩টি সাধারণ বসতি এলাকায় রাশিয়া বোমা ফেলেছে বলে দাবি করেছে ইউক্রেন। ১৮-৬০ বছর পুরুষদের দেশ ছাড়তে নিষেধ করেছে ইউক্রেন সরকার। প্রয়োজনে তাদের সেনায় যোগ দেওয়ানো হতে পারে। রুশ সেনা পূর্ব দিকের কোনোটপ শহর দিয়ে কিয়েভে ঢুকেছে। মার্কিন গোয়েন্দাদের দাবি, রাশিয়ার লক্ষ্য সিকোরস্কাই আর বোরিস্পিল বিমানবন্দর দখল করা। যাতে ১০ হাজার প্যারাট্রুপারকে পুরোপুরিভাবে কিয়েভ দখল করতে পাঠানো যায়। প্যারাট্রুপারদের দায়িত্ব দেওয়া হয়েছে প্রেসিডেন্ট ও ইউক্রেনের মন্ত্রী, সাংসদদের কব্জা করে শান্তিচুক্তি সই করতে বাধ্য করা। তারপর ইউক্রেনের দখল নেবে রাশিয়া অথবা মস্কোর হাতের কোনো পুতুল সরকার। —এপি/পিটিআই

ইউক্রেনের থেকে বিমানে ভারতীয়দের ফেরাচ্ছে কেন্দ্র, খুলল কন্ট্রোল রুম

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: ইউক্রেনে বহু পড়ুয়া-সহ প্রায় ১৬ হাজার ভারতীয় আটকে পড়েছেন। রুশ হামলার পর ইউক্রেন নিজেদের আকাশসীমা বন্ধ করে দিয়েছে। এই পরিস্থিতিতে ইউক্রেনের প্রতিবেশী দেশ রোমানিয়া, হাঙ্গেরি, পোল্যান্ড, স্লোভাকিয়ার সীমান্ত ব্যবহার করে এয়ারলিফট করে আটকে পড়া ভারতীয়দের ফেরাতে তৎপর হল কেন্দ্র। ভারতীয় বায়ুসেনার বিমানকে প্রস্তুত রাখা হয়েছে। বিদেশ সচিব হর্ষবর্ধন শ্রিংলা বৃহস্পতিবারই জানিয়েছিলেন হাঙ্গেরি, পোল্যান্ড, স্লোভাকিয়া আর রোমানিয়ায় যাচ্ছে বিদেশমন্ত্রকের ৪টি দল। এই ৪ দেশের লাগোয়া স্থল সীমান্তের কোনো পয়েন্টের কাছাকাছি পৌঁছে আটকে পড়া ভারতীয়রা বিদেশমন্ত্রকের দলগুলির সঙ্গে যোগাযোগ করতে পারে। সেই মতো শুক্রবার হাঙ্গেরির ভারতীয় দূতাবাস জানায় বিকল্প রুট নিয়ে রোমানিয়া আর হাঙ্গেরির প্রশাসনের সঙ্গে কথা চলছে। যে যানবাহনে করে রোমানিয়া, হাঙ্গেরি, স্লোভাকিয়া আর পোল্যান্ডে যাবেন ইউক্রেনে আটকে পড়া ভারতীয়রা সেখানে তেরঙ্গা জাতীয় পতাকা লাগিয়ে রাখার পরামর্শ দিয়েছে দূতাবাস। পাশাপাশি, ইউক্রেন থেকে ভারতীয়দের ফেরাতে সব খরচ দেবে কেন্দ্র।

তদন্তের স্বার্থে

➡১ পাতার পর

‘আমরা’ সংগঠনের এক প্রতিনিধি দলও আনিসের বাড়ি আসেন। এই দলে ছিলেন অম্বিকেশ মহাপাত্র, প্রতিমা দত্ত প্রমুখ। উল্লেখ্য, কর্তব্যে গাফিলতির অভিযোগে বৃহস্পতিবারই অনির্দিষ্টকালের জন্য ছুটিতে পাঠানো হয়েছে আমতা থানার ওসি দেবব্রত চক্রবর্তীকে। তাঁর জায়গায় এসেছেন কিঙ্কর মণ্ডল। এর আগে বুধবার গ্রেফতার করা হয় আমতা থানার ২পুলিশ কর্মীকে। উল্লেখ্য, স্পেশাল অপারেশন গ্রুপের সদস্য ছিলেন কিঙ্কর মণ্ডল।

সরাসরি রাশিয়ার নিন্দা করলেন না ইয়েচুরিরা

প্রশান্ত ভট্টাচার্য

কলকাতা: রাশিয়ার ইউক্রেন আক্রমণ নিয়ে বিবৃতিতে উদ্বেগ প্রকাশ করলেও সরাসরি রাশিয়ার নিন্দা করতে পারল না সিপিআই(এম)। রাশিয়ার ইউক্রেন আক্রমণ অনভিপ্রেত ও দুর্ভাগ্যজনক। তবে, নিজেদের নিরাপত্তার সংকটের কথা ভেবেই এই ধরনের পদক্ষেপ নিতে বাধ্য হয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ইউক্রেন-রাশিয়া যুদ্ধ নিয়ে ‘ধরি মাছ না ছুঁই পানি’র মতো অবস্থান নিল ভারতের বামপন্থীরা। তবে দ্রুত যুদ্ধ থামিয়ে শান্তি ফেরানোর দাবি করেছেন। তবে সিপিএম পলিটব্যুরো তার বিবৃতি শুরুই করেছে ‘ইউক্রেন: শান্তি একটি অগ্রাধিকার’। যদিও এসইউসিআই(কমিউনিস্ট) পার্টির কেন্দ্রীয় কমিটির তরফে সাধারণ সম্পাদক প্রভাষ ঘোষ এক লিখিত বিবৃতিতে রাশিয়ার ইউক্রেন আক্রমণকে একটি সাম্রাজ্যবাদী পদক্ষেপ বলে চিহ্নিত করেছে। ইউক্রেন নিয়ে এক বিবৃতিতে সিপিআই(এম) পলিটব্যুরো জানিয়েছে, ‘রাশিয়া ও ইউক্রেনের মধ্যে সশস্ত্র সংঘর্ষ নিয়ে সিপিআই(এম) গভীরভাবে উদ্বিগ্ন। রাশিয়া ইউক্রেনের বিরুদ্ধে যেভাবে সামরিক পদক্ষেপ করেছে সেটা দুর্ভাগ্যজনক। যত দ্রুত সম্ভব এই যুদ্ধ বন্ধ করে শান্তি ফেরানো হোক।’ এরপরই অবশ্য রাশিয়ার পদক্ষেপের পিছনে যুক্তি খাঁড়া করার চেষ্টা করেছেন বামপন্থীরা। ঘুরিয়ে সমর্থন করেছে পুতিনকেই। সিপিআই(এম)’এর বক্তব্য, মার্কিন যুক্তরাষ্ট্র ও ন্যাটোর বেশ কিছু পদক্ষেপ রাশিয়াকে সামরিক পদক্ষেপ করতে বাধ্য করেছে। বিবৃতিতে সিপিআই(এম) বলছে, ‘সোভিয়েতের পতনের পর মার্কিন যুক্তরাষ্ট্রের মদতে ন্যাটো পূর্ব ইউরোপে ধীরে ধীরে নিজেদের প্রভাব বিস্তার করার চেষ্টা করছে। তাছাড়া ইউক্রেনকেও যেভাবে ন্যাটোর অন্তর্ভুক্ত করার চেষ্টা চলছিল সেটা রাশিয়ার নিরাপত্তার জন্য বিপজ্জনক হয়ে উঠছিল। ন্যাটো যেভাবে পূর্ব ইউরোপে বাহিনীও ক্ষেপণাস্ত্র মোতায়েন করেছিল, সেটা নিয়েও রাশিয়া উদ্বিগ্ন। সুতরাং রাশিয়া যে সামরিক নিরাপত্তার দাবি করছে সেটা পুরোপুরি বৈধ।’

সিপিআই(এম)’এর এই বিবৃতি থেকে একটা জিনিস স্পষ্ট রাশিয়ার ইউক্রেন দখলের চেষ্টাকে কোনো অন্যায় বলে মনে করছে না দল। বরং, তাদের সাফ কথা মার্কিন ও ন্যাটো অনড় মনোভাবই জটিলতা বাড়িয়েছে ও এই যুদ্ধ পরিস্থিতি তৈরি করেছে। শান্তি ফেরাতে হলে সবমহলকে সচেষ্ট হতে হবে। দোনবাসে খুব শিগগিরই আলোচনা শুরু করে সব আন্তর্জাতিক চুক্তি মেনে চলা দরকার। একই সঙ্গে সিপিআই(এম) ভারত সরকারের কাছে আবেদন জানিয়েছে, ইউক্রেনে আটকে থাকা হাজার হাজার ভারতীয়দের যত দ্রুত ফেরানো সম্ভব তার ব্যবস্থা করা হোক।

নবান্ন খুলল কন্ট্রোলরুম

➡১ পাতার পর

মানুষদের নিরাপদে দেশে ফেরানোর জন্য নবান্নে একজন আইএএস অফিসারের নেতৃত্বে কন্ট্রোল রুম চালু করা হয়েছে। অন্যান্য অফিসাররাও কন্ট্রোল রুমের দায়িত্বে থাকবেন। সকাল ৯ টা থেকে রাত ৯ টা পর্যন্ত ২টি শিফটে কন্ট্রোল রুম চালু থাকবে। এরই মধ্যে বিভিন্ন বিভিন্ন জেলার বাসিন্দা ইউক্রেনে আটকে পড়েছেন বলে খবর মিলছে। মোট কতজন এ রাজ্যের মানুষ ওই দেশে রয়েছেন তার বিস্তারিত তথ্য জানার জন্য জেলাশাসকদের নির্দেশ দিয়েছে নবান্ন। জেলাশাসকরা ইউক্রেনে থাকা এ রাজ্যের মানুষদের নাম, পরিচয়, ঠিকানা, সংগ্রহ করে তা সরকারকে পাঠাবেন। ইউক্রেনের রাজধানী কিয়েভে ডাক্তারির পড়ুয়া অর্কপ্রভ বৈদ্য দক্ষিণ ২৪ পরগনা রায়দিঘির বাসিন্দা ও ব্রিজেশ ঘোষ বারাসতের বাসিন্দা। শুক্রবার সকালে সংবাদমাধ্যমকে পাঠানো ভিডিও বার্তায় তাঁরা জানান, দু’জনেই কিয়েভ মেডিকেল ইউনিভার্সিটির ছাত্র। কিছুক্ষণের মধ্যেই রাশিয়ান এয়ারক্রাফট আক্রমণ করতে পারে এই আশঙ্কায় তাঁদের সবাইকে বিশ্ববিদ্যালয়ের ভূগর্ভস্থ কার পার্কিংয়ে রাখা হয়েছে। স্বরূপনগরের বাসিন্দা রিপন সর্দার মাস তিনেক আগে ডাক্তারি পড়তে ইউক্রেনে পাড়ি দিয়েছেন। ফোনে পরিবারের সঙ্গে যোগাযোগ রেখেছেন তিনি। প্রতিমুহূর্তে তাঁদের মতোই উৎকণ্ঠায় রয়েছে পরিবার। এছাড়াও পূর্ব মেদিনীপুর, হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা সহ বিভিন্ন জেলার প্রচুর ছাত্রছাত্রী আটকে রয়েছেন।

রাজ্যের বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক বলেন, ‘ইউক্রেনে আটকে পড়া এ রাজ্যের মানুষকে ফিরিয়ে আনার জন্য মুখ্যমন্ত্রী সবরকমভাবে চেষ্টা করছেন। কিভাবে তাঁদের ফিরিয়ে আনা যায় তার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ রাখছে রাজ্য সরকার। কিন্তু পরিস্থিতি খুবই জটিল ওখানকার। আমরা খুবই উদ্বিগ্ন।’ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, ‘আফগান-ই-স্তানে যখন যুদ্ধ লেগেছিল তখনো নিরাপদে ভারতীয়দের দেশে ফিরিয়ে আনা হয়েছিল। এবারও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইউক্রেনে আটকে পড়া ভারতীয়দের দেশে ফিরিয়ে আনবেন।’

কমিশনের নির্দেশে

➡১ পাতার পর

বহিরাগতরা যাতে কোনো ভাবেই এসব জায়গায় আশ্রয় নিতে না পারে তার জন্য পুলিশকর্তারা সতর্ক দৃষ্টি রেখেছেন। রাজ্য নির্বাচন কমিশনের সচিব নীলাঞ্জন শাণ্ডিল্য শুক্রবার জানান, ১০৮টি পুরসভায় সব মিলিয়ে ১০ হাজার ৮১৩টি বুথ করা হয়েছে। সব বুথেই ২ জন করে সশস্ত্র পুলিশকর্মী থাকবে। বুথের বাইরে থাকবে পুলিশ বাহিনী। কোনো রকম বেআইনি জমায়েত বরদাস্ত করা হবে না। প্রতিটি পুরসভায় একজন ডব্লিউবিসিএস (এক্সিকিউটিভ) পদমর্যাদার আধিকারিককে পর্যবেক্ষকের দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়াও ২০টি জেলায় প্রতিটি জেলায় একজন করে সিনিয়র আইএএসকে বিশেষ পর্যবেক্ষকের দায়িত্ব দিয়ে পাঠানো হয়েছে। সব মিলিয়ে ভোটের প্রস্তুতি সারা হয়েছে। জেলাশাসকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। তাঁরাও নিয়মিত কমিশনকে সর্বশেষ রিপোর্ট পাঠাচ্ছেন। ২৭ ফেব্রুয়ারি পুরভোটের প্রস্তুতি নিয়ে রাজ্য নির্বাচন কমিশনের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে জেলা প্রশাসন।

ইউক্রেনে আটকে অনেক বাঙালি

➡১ পাতার পর

পরিবারকে জানিয়েছে যে, ভারতীয় দূতাবাস থেকে যোগাযোগ করে দ্রুত দেশে ফেরানো হবে বলে আশ্বস্ত করা হয়েছে। এদিকে রাজ্য সরকারও ইউক্রেনে আটকে থাকা বাংলার বাসিন্দাদের সহায়তার জন্য কন্ট্রোল রুম খুলেছে। রুশ হামলায় বিধ্বস্ত এখন ইউক্রেন। রুশ মিসাইলের হানায় গুঁড়িয়ে গিয়েছে ইউক্রেনের এয়ারবেস। যুদ্ধ শুরুর সঙ্গে সঙ্গেই বন্ধ করে দেওয়া হয়েছে ইউক্রেনের আকাশসীমা। যার ফলে ইউক্রেনে আটকে পড়া ভারতীয় নাগরিক-সহ পড়ুয়াদের উদ্ধারে সমস্যা দেখা দিয়েছে। কারণ, এয়ারস্পেস বন্ধ থাকায় বিমান ওঠা-নামা বন্ধ। সূত্রের খবর, বিকল্প পথে ভারতীয়দের দেশে ফেরানোর চেষ্টা করছে বিদেশমন্ত্রক। এদিকে সংবাদ সংস্থা সূত্রে খবর, প্রায় ৮ কিলোমিটার হেঁটে ৪০ জন ভারতীয় ছাত্র এদিন ইউক্রেন পোল্যান্ড সীমান্তে পৌঁছেছে।

হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড (ইন লিকুইডেশন)-এর সম্পত্তি বিক্রয়ের বিজ্ঞপ্তি

(০২.০৫.২০১৯ তারিখে মাননীয় এনসিএলটি দ্বারা জারি নির্দেশিকা অনুযায়ী কোম্পানীটি লিক্যুইডেশন প্রক্রিয়ার অন্তর্গত)
রেজিস্টার্ড অফিস : সাউথ টাওয়ার, চতুর্থ তল, স্কোপ মিনার কমপ্লেক্স, লক্ষ্মী নগর, ডিস্ট্রিক্ট সেন্টার, নিউ দিল্লি - ১১০০৯২

ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬ অনুযায়ী লিকুইডেশন পক্রিয়ায় থাকা (বৈদ্যুতিন নিলামের পদ্ধতির নথি দেখতে পারেন) হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড কোম্পানীর নিম্নোক্ত সম্পত্তি বৈদ্যুতিন নিলামের মাধ্যমে ২৮.০৩.২০২২ তারিখে দুপুর ১২টা থেকে বিকেল ৪টার (প্রত্যেক সময় ৫ মিনিট করে অতিরিক্ত ধরে) মধ্যে বিক্রয় করার জন্য **যেখানে যেমন সেখানে তেমন, যেটি যেমন সেটি তেমন, এটি যেমনই হোক ও কোনো পরিবর্তন ছাড়াই** বিক্রি করার জনবিজ্ঞপ্তি জারি করা হচ্ছে ও বৈদ্যুতিন নিলামের পরিষেবা দেবে মেসার্স ই-প্রকিওরমেন্ট টেকনোলজিস লিমিটেড (অকশন টাইগার)। অংশগ্রহণ করতে ও নাম রেজিস্ট্রেশন করাতে লগ-অন করুন https://ncltauction.auctiontiger.net

স্থান	ঠিকানা / এলাকা	লট	সংরক্ষিত মূল্য	ইএমডি (টাকায়)
১. নাগোয়ান পেপার মিল (এনপিএম), (এইচপিসি লিমিটিডের একটি ইউনিট) ২. কাচার পেপার মিল (সিপিএম), (এইচপিসি লিমিটিডের একটি ইউনিট) (উভয় প্ল্যান্টের টেকনিক্যাল এরিয়া, টাউনশিপ এরিয়া সহ এনপিএম ও সিপিএমে পড়ে থাকা সব সম্পত্তি) ৩. হাফলং-এ লিজহোল্ড জমি।	১. নাগোয়ান পেপার মিল, জাগিরোড টাউনের কাছে, ন্যাশানাল হাইওয়ে নং ৩৭, জেলা-মরিগাঁও, আসাম। সম্পত্তিটি কমবেশি ৫৭৩.৯৫ একর জমির ওপর রয়েছে। ২. কাচার পেপার মিল, পঞ্চগ্রাম রেলওয়ে স্টেশনের কাছে, ন্যাশানাল হাইওয়ে নং ৫৩, বদরপুর উত্তর ও দক্ষিণ, তহশিল-আগলাপুর, জেলা-হাইলাকান্ডি, আসাম। সম্পত্তিটি কমবেশি ১০০৮ একর জমির ওপর রয়েছে। ৩. হাফলং, জেলা-ডিমা হাসাও। কমবেশি ১০ কাঠা (পাটা নং ২৯৫, দাগ নং ২৫) জমি।	লট-১	৩৭৫ কোটি	৩৭.৫০কোটি
১. মুম্বইয়ে একটি রেসিডেন্সিয়াল ফ্ল্যাট	ফ্ল্যাট নং ৩০১, তৃতীয় তল, বিল্ডিং নং - ১৫(অনিকেত), প্রেম জ্যোতি হাউসিং সোসাইটি লিমিটেড, অফ চেম্বুর ম্যানখুর্দ লিঙ্ক রোড, চেম্বুর, জেলা : মুম্বই, পিন - ৪০০ ০৪৩, মহারাষ্ট্র। ৬৫২ বর্গফুট পরিমাপের কার্পেট এরিয়া।	লট-২	১ কোটি	১০ লাখ
দিল্লির অফিস (লিজহোল্ড প্রপার্টি) স্কোপের ২৪.০৮.২০২১ তারিখে লেখা চিঠি ও অন্যান্য দাবি ও শর্তাবলী অনুযায়ী লট-৩-এর নিলাম শুধুমাত্র পিএসইউ সংস্থার মধ্যে সীমাবদ্ধ থাকবে।	স্কোপ মিনার, চতুর্থ তল, সাউথ টাওয়ার, কোর-৪, লক্ষ্মী নগর, ডিস্ট্রিক্ট সেন্টার, নিউ দিল্লি - ১১০০০২ কমবেশি ৫৪৭.৬৪ বর্গমিটার	লট-৩	৫.৫৮ কোটি	৫৫ লাখ
নাগাল্যান্ড পাল্প অ্যান্ড পেপার কোম্পানি লিমিটেড-এর ১০০ টাকা করে ১,১৩,৬২,২৩১টি ইক্যুটি শেয়ার।	নাগাল্যান্ড পাল্প অ্যান্ড পেপার কোম্পানি লিমিটেড (CIN-U21012NL1971SGC001349), রেজি. অফিস- পেপার নগর, পো : তুলি, জেলা : মোকোকচুং, নাগাল্যান্ড-৭৯৮৬২৩	লট-৪	৮.১৫ কোটি	৮০ লাখ

দ্রষ্টব্য :
ইওআই জমা দেওয়ার শেষ দিন : ০৮.০৩.২০২২, বিকেল ৫টা। কোনো ইওআই ০৮.০৩.২০২২ তারিখের বিকেল ৫টার মধ্যে জমা না পড়লে নিলাম বাতিল হয়ে যাবে। http://hindpaper.in এই ওয়েবসাইটে আপলোড করে ইওআই চেয়ে নেওয়া হবে। বৈদ্যুতিন নিলাম সংক্রান্ত সমস্ত নথিপত্র, নির্দেশাবলী ও শর্তাবলী পাওয়া যাবে এই ওয়েবসাইটে https://ncltauction.auctiontiger.net এছাড়া সমস্ত বিষয়ে যোগাযোগ করবেন এই ই-মেল আইডিতে : kuverma@gmail.com / liquidation.hpcl@gmail.com.

কুলদীপ বর্মা
হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেডের লিকুইডেটর
আইবিবিআই রেজিস্ট্রেশন নং- আইবিবিআই / আইপিএ-০০১ / আইপি-পি০০০১৪ / ২০১৬-১৭ / ১০০৩৮
রেজিস্টার্ড ঠিকানা : ৪৬ বি.বি গাঙ্গুলী স্ট্রীট, পঞ্চম তল, ইউনিট নং- ৫০১, কলকাতা- ৭০০০১২
রেজিস্টার্ড ই-মেল : kuverma@gmail.com, ফোন : +৯১ ৯৮৩৬০ ৭৭৯০০
তারিখ : ২৬.০২.২০২২, স্থান : কলকাতা

GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE DEVELOPMENT OFFICER (HANDLOOM), SANTIPUR, NADIA
NOTICE INVITING e-TENDER
NIT NO. DO(H)SANTIPUR / NIT02(e) / 2021-22 Date : 24.02.2022
E-Tender is invited from the reputed & bonafied contractors for construction of a Doubled storied Building for Training Cum Sample Development Centre as per Plan at the premises of the Santipur Kutirpara Co-operative Weavers Society Ltd. Paromartho Ganguly Lane, P.O.- Santipur, Block-Santipur, Dist- Nadia under O/o DO(H), Santipur, Nadia within 5 pm on 11th March, 2022. The detail of the tender is available in the Website https://wbtenders.gov.in

দীপক ইন্ডাস্ট্রিস লিমিটেড
CIN : L63022WB1954PLC021638, রেজিস্টার্ড অফিস : ১৬, হেয়ার স্ট্রিট, কলকাতা-৭০০০০১
ফোন : (৯১) (৩৩) ২২৪৮ ২৩৯১ / ৯২ / ৯৩, ফ্যাক্স : (৯১) (৩৩) ২২৪৮ ৯৩৮২
ইমেল : secretary@dil-india.com, ওয়েবসাইট : www.dil-india.com

ই-মেল অ্যাড্রেস নথিভুক্তিকরণ / আপডেট

কর্পোরেট বিষয়ক মন্ত্রক দ্বারা জারি ০৮.০৪.২০২০, ১৩.০৪.২০২০, ১৫.০৬.২০২০, ২৮.০৯.২০২০, ২৩.০৬.২০২১ ও ০৮.১২.২০২১ তারিখের জেনারেল সার্কুলার নং ১৪/২০২০ (“এমসিএ সার্কুলারস”) এর শর্তাবলী অনুযায়ী। দীপক ইন্ডাস্ট্রিজ লিমিটেডের বোর্ড অফ ডিরেক্টরের নিযুক্তিকরণের জন্য রেজোলিউশন ও কোম্পানির অ্যাসোসিয়েশনের ধারা পরিবর্তনের বিষয়ে কোম্পানির শেয়ারহোল্ডারদের থেকে পোস্টাল ব্যালটের ই-ভোটিংয়ের মাধ্যমে মতামত চেয়ে ই-ভোটিং শুরু হবে বুধবার, ৯ মার্চ ২০২২ তারিখে সকাল ৯টায় ও শেষ হবে বৃহস্পতিবার ৭ এপ্রিল ২০২২ তারিখে বিকেল ৫টায়।
সদস্যদের উদ্দেশ্যে আরো জানানো হচ্ছে যে, পোস্টাল ব্যালটের বিজ্ঞপ্তি কেবলমাত্র বৈদ্যুতিন মাধ্যমে তাদেরকেই পাঠানো হয়েছে, যাদের ই-মেল অ্যাড্রেস কোম্পানি / ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নথিভুক্ত আছে এবং এই বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.dil-india.com, স্টক এক্সচেঞ্জ, অর্থাৎ ক্যালকাটা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com-এও পাওয়া যাবে।
ডি-ম্যাট মাধ্যমে শেয়ারের অধিকারী যেসকল সদস্য তাঁদের ই-মেল আইডি এখনো নথিভুক্ত করাননি, তাঁদের অনুরোধ করা হচ্ছে ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে ই-মেল আইডি নথিভুক্ত করার জন্য। ফিজিক্যাল মাধ্যমে শেয়ারের অধিকারী সদস্যদের অনুরোধ করা হচ্ছে, http://mdpl.in/form/email-update এই লিঙ্কের মাধ্যমে রেজিস্ট্রার ও ট্রান্সফার এজেন্সির কাছে তাঁদের ই-মেল আইডি নথিভুক্ত করার জন্য।

বোর্ডের আদেশানুসারে
দীপক ইন্ডাস্ট্রীস লিমিটেড-এর পক্ষে
কোম্পানি সচিব
রোশন দাভে
তারিখ : ২৫.০২.২০২২
স্থান : কলকাতা
ACS-27185